

**2025****Diploma Course in Bengali Language (DCBL)****Second Semester : 3rd paper**

Important Components of Bengali Learning: Reading, Writing &amp; Creative Exercises

Full Marks: 75

Time: 3 hours

**২০২৫**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**দ্বিতীয় শাস্ত্রীয় : ৩য় পত্র**

বাংলা পাঠের গুরুত্বপূর্ণ স্তর লিখন, পঠন এবং সৃজন

পূর্ণমান: ৭৫

সময়: ৩ ঘণ্টা

(নির্ধারিত নির্দেশ ও নম্বর অনুযায়ী সবগুলো প্রশ্নের উত্তর দিন)

**ক। একটি শব্দ বা বাক্যে উত্তর দিন : -** **$1 \times 5 = 5$** 

- ১। বাংলা ভাষায় স্বরবর্ণ কয়টি ?
- ২। বাংলা ভাষায় ব্যঙ্গনবর্ণ কয়টি ?
- ৩। বিদ্যাসাগর রচিত 'প্রাইমার' বইটির নাম কী ?
- ৪। বাংলা বর্ণমালায় কোন বর্ণটি এখন ব্যবহার হয় না ?
- ৫। প্রাথমিক শিক্ষার বই 'সহজপাঠ' কার লেখা ?

**খ। সংক্ষিপ্ত উত্তর দিন : -** **$2 \times 5 = 10$** 

- ৬। অভিধান কী? অন্য বইয়ের সঙ্গে এর পার্থক্য কোথায় ?
- ৭। শব্দের মানে দেওয়া ছাড়া অভিধান আর কী দেয় ?
- ৮। অভিধান অনেক ধরনের হয়- কয়েকটি উদাহরণ দিন।
- ৯। বানান অভিধান কী ?
- ১০। চরিতাভিধানে কী থাকে ?

**গ। সংক্ষিপ্ত উত্তর দিন : -** **$3 \times 3 = 9$** 

- ১১। Of Studies কে লিখেছেন? এতে যে তিন ধরনের বই পড়ার কথা বলা হয়েছে তা কী কী? স্পষ্ট ও সহজ করে লিখুন।

অপর পৃষ্ঠায় দেখুন

১২। 'বই কেনা' নিবন্ধটি কে লিখেছেন? এতে ধর্মগ্রন্থে পুস্তক সম্বন্ধে যা বলা হয়েছে, তা থেকে একটি উল্লেখ লিখুন।

১৩। রিডিং ও স্কিমিং (Reading and skimming)- দুটির মধ্যে পার্থক্য কী?

**ঘ। সংক্ষিপ্ত উত্তর দিন :-**  $3 \times 3 = 9$

১৪। মানুষ কেন লেখে- অর্থ, খ্যাতি, প্রতিপত্তি, না অন্য কোনও কারণে?

১৫। কবিতা, গল্প ও প্রবন্ধ- কোনটি সৃজনশীল আর কোনটি মননশীল লেখার উদাহরণ? ব্যাখ্যা করুন।

১৬। লিখন ক্ষমতা কি কেবল জন্মসূত্রেই পাওয়া যায়? না চেষ্টা ও অনুশীলনে অর্জন করা সম্ভব? সংক্ষেপে মতামত দিন।

**ঙ। উত্তর দিন :-**  $2 \times 6 = 12$

১৭। 'কমিউনিকেশন' কত প্রকার? 'কমিউনিকেশন' এর বাংলা প্রতিশব্দ কী?

১৮। বৈদ্যুতিন মাধ্যম বলতে কী বোঝায়? উদাহরণ দিন।

১৯। মৌখিক বাক্য ছাড়াও মানুষ কীভাবে ভাব প্রকাশ করে ?

২০। ক্লাসরুম কমিউনিকেশনের ভাষা সব সময় ফর্ম্যাল হওয়া কি আবশ্যিক? মতামত দিন।

২১। রেডিও কি শুধু শব্দনির্ভর? এতে আর কী কী উপাদান ব্যবহৃত হয় ?

২২। রবীন্দ্রনাথ কোন 'কেশ তৈলের' বিজ্ঞাপন লিখেছিলেন? বিজ্ঞাপনটি গদ্যে না পদ্যে লেখা ?

**চ। অতি সংক্ষেপে উত্তর দিন (যে কোনও দশটি) : -**  $1 \times 10 = 10$

২৩। 'পথওতন্ত্র' কার রচনা?

২৪। মুদ্রিত বইয়ের 'নির্ঘণ্ট' কী?

২৫। 'এনসাইক্লোপেডিয়া'কে বাংলায় কী বলা হয়?

২৬। অসাধারণ দ্রুতগতিতে বই পড়ার ক্ষমতা ছিল কোন বাঙালি সন্ন্যাসীর?

২৭। 'বঙ্গীয় শব্দকোষ' কে লিখেছেন?

২৮। ইংরেজি ভাষার প্রথম সার্থক অভিধানপ্রণেতার নাম কী?

২৯। ক-থেকে-শ পর্যন্ত বাংলা বর্ণমালার একটি memonics (স্মৃতি সহায়ক) লিখুন।

৩০। বাংলা ভাষার প্রথম অভিধান কে প্রণয়ন করেন?

৩১। 'চলন্তিকা' কী?

৩২। "লেখাপড়া করে যে, গাড়িঘোড়া চড়ে সে"- এ ছড়াটি কে লিখেছেন:  
মদনমোহন তর্কালক্ষ্মার, না ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর?

৩৩। লেখক ও সম্পাদকের নিত্যব্যবহার্য একটি বাংলা বইয়ের নাম বলুন।

ছ। প্রশ্ন অনুযায়ী উত্তর দিন : -

$10 \times 1 = 10$

৩৪। ১০০ শব্দের মধ্যে যে কোনও একটি বিষয়ে টীকা লিখুন : -

- (ক) রেডিও-টিভিতে টাইটেল মিউজিক
- (খ) "সুখী গৃহকোণ, শোভে গ্রামোফোন"
- (গ) বাংলা শিশুপাঠ
- (ঘ) ডকুমেন্টারি ছবি
- (ঙ) রেডিও কথিকা

জ। নীচের নির্দেশনামাটি পড়ে সঠিকভাবে উত্তর দিন : -

$10 \times 1 = 10$

৩৫। নীচের গদ্যাংশে বানান, বিরামচিহ্ন (যেমন: দাঢ়ি, কমা, উদ্ধৃতি চিহ্ন) ও  
শব্দপ্রয়োগে কোনও ভুল থাকলে প্রত্যেক রিডিংয়ের নিয়ম অনুযায়ী সংশোধন  
করুন।

- \* ভুল অংশটি নীল কালি বা পেঙ্গিল দিয়ে দাগ দিন।
- \* ডান এবং বাম পাশে মার্জিনে শুন্দি রূপ লিখুন।
- \* প্রত্যেক রিডিং চিহ্ন অবশ্যই ব্যবহার করবেন।

এই টুকরোটি খাতার সঙ্গে পিন দিয়ে জুড়ে দিন।

প্রশ্নাংশ:

রোল নং : \_\_\_\_\_

আসলে কবিতর কোনও বিশ্লেষণ হয় না প্রয়োজন ও  
নেই/ পাঠই কবীতার অন্তর্নিহিত বার্তাকে পৌঁছে দেয়।  
জীবনানন্দ সাশের তরুপসী বাংলা কাব্যগ্রন্থের এক  
একটি কবিতায় বাংলার নিসর্গ প্রকৃতি, লোকায়ত মিথ  
কথকতা একেবারে জিবন্ত হইয়া উঠে এসেছে। কবি  
এই বাংলাগালীকে ধারন করেছেন তার সত্তার গভীরে।  
তাঁর আর কোনও কাঞ্চিত জগত নেই

এটাই তার পরম পরম প্রাপ্তি। সব্যতা, নগর, শিল্প  
রাজনিতি জুন্দ সমস্ত কিছুকে পছনে ফেলে তিনি পৌঁছে  
গেছেন তার শেষ আশ্রয়ে রূপসি বাংলার সান্ত মিঞ্চ  
কুলে।

(প্রায় ২০টি ভুল আছে।)

- শেষ পৃষ্ঠা -